# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২১২৭

৩৩/ ওয়াসীয়ত (كتاب الوصايا عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ পরিচ্ছেদ নাই।

## باب

আরবী

حَدَّثَنَا قُتَيْبَةُ، حَدَّثَنَا اللَّيْثُ، عَنِ ابْنِ شِهَابٍ، عَنْ عُرْوَةَ، أَنَّ عَائِشَةَ، أَخْبَرَتْهُ أَنَّ بَرِيرَةَ جَاءَتْ تَسْتَعِينُ عَائِشَةَ فِي كِتَابَتِهَا وَلَمْ تَكُنْ قَضَتْ مِنْ كِتَابَتِهَا شَيْئًا فَقَالَتْ لَهَا عَائِشَةُ ارْجِعِي إِلَى أَهْلِكِ فَإِنْ أَحَبُّوا أَنْ أَقْضِيَ عَنْكِ كِتَابَتَكِ وَيَكُونَ لِي وَلاَؤُكِ فَعَلْتُ . فَذَكَرَتْ ذَلِكَ بَرِيرَةُ لأَهْلِهَا فَأَبَوْا وَقَالُوا إِنْ شَاءَتْ أَنْ تَحْتَسِبَ عَلَيْكِ وَيَكُونَ لَنَا وَلاَؤُكِ فَلْتَفْعَلْ . فَذَكَرَتْ ذَلِكَ لِرَسُولِ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ لَهَا رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " ابْتَاعِي فَأَعْتِقِي فَإِنَّمَا الْوَلاَءُ لِمَنْ أَعْتَقَ " ثُمَّ قَامَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم فَقَالَ " مَا بَالُ أَقْوَامٍ يَشْتَرِطُونَ شُرُوطًا لَيْسَتْ فِي كِتَابِ اللَّهِ مَنِ اشْتَرَطَ شَرْطًا لَيْسَ فِي كِتَابِ اللَّهِ فَلَيْسَ لَهُ وَإِنِ اشْتَرَطَ مِائَةَ مَرَّةٍ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ حَسَنٌ صَحِيحٌ وَقَدْ رُوِيَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنْ عَائِشَةَ . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَهْلِ الْعِلْمِ أَنَّ الْوَلاَءَ لِمَنْ أَعْتَقَ .

বাংলা

২১২৭. কুতায়বা (রহঃ) ..... আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে বর্ণিত যে, বারীরা রাদিয়াল্লাহু আনহা তার কিতাবাত চুক্তির (অর্থের বিনিময়) বিষয়ে সাহায্যের জন্য আয়িশা রাদিয়াল্লাহু আনহা-এর কাছে এসেছিলেন। আর তিনি তার কিতাবাত চুক্তির কোন কিছুই আদায় করেন নাই। আয়িশা রাদিয়াল্লাহু আনহা তাকে বললেনঃ তোমার মালিকের কাছে যাও। তারা যদি পছন্দ করে যে তোমার পক্ষ থেকে আমি কিতাবাত চুক্তির অর্থ আদায় করে দিব আর ওয়ালা স্বত্ব হবে আমার তবে আমি তা করতে প্রস্তুত আছি। বারীরা রাদিয়াল্লাহু আনহা তার মালিকের নিকট এ কথা আলোচনা করেন। কিন্তু তারা তাতে অস্বীকৃতি জানায় এবং বলে তিনি (আয়িশা রাদিয়াল্লাহু আনহা) ইচ্ছে করলে ছাওয়াবের আশায় তোমাকে সাহায্য করতে পারেন কিন্তু তোমার ওয়ালা স্বত্ব থাকবে আমাদের।

আয়িশা রাদিয়াল্লাহু আনহা বিষয়টি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর কাছে উত্থাপন করেন। রাসূলুল্লাহ

সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তুমি তাকে কিনে নিয়ে আযাদ করে দাও। কেননা, যে আযাদ করবে তারই হবে ওয়ালা স্বত্ব।। এরপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দাঁড়ায়ে বললেনঃ কি হলো সম্প্রদায় গুলোর এমন সব শর্ত তারা করে যেগুলোর কোন উল্লেখ আল্লাহর কিতাবে নাই। কেউ যদি এমন শর্তারোপ করে যা আল্লাহর কিতাবে নাই তবে একশ শর্ত করলেও কিছু হবে না। সহীহ, ইবনু মাজাহ ২৫২১, বুখারি, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ২১২৪ [আল মাদানী প্রকাশনী]

এ হাদীসটি হাসান-সহীহ। আয়িশা রাদিয়াল্লাহু আনহা থেকে একাধিক সূত্রে এটি বর্ণিত আছে। আলিমগণের এতদনুসারে আমল রয়েছে যে, যে ব্যক্তি আযাদ করবে তারই হবে ওয়ালা স্বত্ব।

## English

'Urwah narrated that :
'Aishah had informed him that Barrirah came to her ('Aishah) seeking her help for her writ of emancipation, and she had not yet paid anything for her writ of emancipation. So 'Aishah said to her: 'Return to your people, and if they agree to me paying for your writ of emancipation and that your Wala will be for me, then I will do so." So Barrirah mentioned that to her people and they refused. They said: "If she wants the reward for (freeing) you while the Wala is for us, then let her do it." So I mentioned that to the Messenger of Allah (S.A.W) and the Messenger of Allah (S.A.W) said: "Buy her, then free her, for the Wala is only for the one who frees." Then the Messenger of Allah (S.A.W) stood and said: "What is the case of people who make conditions that are not in Allah's Book? Whoever makes a condition that is not in Allah's Book, then it will not be so for him, even if he were to make a condition a hundred times."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=37482

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন